

Bangladesh



একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম



স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৫৬/ PVV Edu (পার্ট-৬)/২০২১/৯২৫২

তারিখ: ৩১.০৫.২০২২ খ্রি.

বিষয় : সেসিপ কর্তৃক বাস্তবায়নাধীন সাধারণ শিক্ষাধারার ৬৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে ভোকেশনাল কোর্সের আওতায় শূন্য পদে ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের জন্য এনটিআরসিএ-তে চাহিদা প্রেরণ এবং ইতোমধ্যে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্টগণের প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর ভোকেশনাল কার্যক্রমের আওতাভুক্ত ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে শূন্য পদে ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের জন্য এনটিআরসিএ-তে চাহিদা প্রেরণ এবং ইতোমধ্যে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্টগণের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে কর্মরত সকল ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্টগণের হালনাগাদ তথ্যসহ ট্রেড ইন্সট্রাক্টরগণের শূন্য পদের তালিকা সংগ্রহ করার নিমিত্ত একটি **Google Form** প্রস্তুত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সেসিপ-এর ভোকেশনাল কার্যক্রমের আওতাভুক্ত ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত ট্রেড ইন্সট্রাক্টর এবং ল্যাব অ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্টগণের তথ্য সংযুক্ত **Google Form**-এ আগামী ০৫/০৬/২০২২ খ্রি. তারিখ বিকেল ০৫.০০ ঘটিকার মধ্যে পূরণ করে নিম্নবর্ণিত Link-এ **Submit** করার জন্য অনুরোধ করা হলো।

Google Form Link: <https://forms.gle/T9dDdUmphrT1mp16A>

বিতরণ:

প্রধান শিক্ষক,.....(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান)।

(প্রফেসর ড. সামসুন নাহার)

যুগ্ম-প্রোগ্রাম পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২২২৩৩৮৩৭১২

email: jpd.sesip@gmail.com

স্মারক নং : মাউশি/সেসিপ/২-৫৫৬/ Pre. Voc. – Voc. Edu (পার্ট-৬)/ ২০২১/৯২৫২ তারিখ: ৩১.০৫.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
৪. ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট, ভোকেশনাল কার্যক্রম, সেসিপ, সকল অঞ্চল।[প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট, ভোকেশনাল কার্যক্রম, সেসিপ, সকল জেলা।[প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. অফিস কপি।

(মোঃ ইসমাইল হোসেন)
প্রোগ্রাম অফিসার (প্রোগ্রাম-১)

05.06.22